

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪৪.২০.০০১.২০.১৬৫

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

বিষয়: মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন।

সূত্র: অর্থ বিভাগের পত্র নং: ০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২১-২০৮, তারিখ: ১৪/১২/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নপূর্বক হার্ডকপি অর্থ বিভাগে প্রেরণের জন্য বাজেট পরিপত্র জারীকরত: নিম্নোক্ত শর্তে সংশোধিত বাজেট প্রণয়নের জন্য এ বিভাগকে অনুরোধ করা হয়েছে:

(১) ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অবশ্যই চলতি অর্থবছরের মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবেনা;

(২) সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে '৪১১২১০১-মোটরযান' ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ব্যয় করা যাবে। এক খাতে বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে কোনভাবেই স্থানান্তর করা যাবেনা;

(৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নীতি ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে চলতি অর্থবছরের (২০২১-২২) মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিভিন্ন অপারেশনাল ইউনিট অথবা আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

(৪) ২০২১-২২ অর্থবছরের সংশোধিত ব্যয়ের প্রাক্কলন প্রণয়নকালে অনুমোদিত মূল বাজেটে প্রদর্শিত মোট উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবেনা;

(৫) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্রে ভ্রমণ করা যাবে এবং সরকারি ভ্রমণের ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) ব্যয় করা যাবে। সে সাথে এ খাতের অব্যয়িত অর্থ অন্য খাতে কোনক্রমেই স্থানান্তর করা যাবে না।

(৬) সাধারণভাবে বিগত দুই অর্থবছরের (২০১৯-২০ এবং ২০২০-২১) প্রথম ছয় মাসের এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৪/৫ মাসের প্রকৃত ব্যয়ের ধারা (Actual Expenditure Trend) বিবেচনা করতে হবে এবং

তার ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে;

(৭) কেবল অফিসারদের বেতন-ভাতা এবং প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন-ভাতা খাতে ২০২১-২২ অর্থবছরের প্রথম ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২১-২২ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। তবে এরূপ প্রাক্কলন তৈরির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার পরামর্শ গ্রহণ করা যেতে পারে;


(৮) মূল্য বৃদ্ধি ব্যতিরেকে সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না;

(৯) মূল বাজেটে সংস্থান ছিলনা এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবেনা;

(১০) চলতি অর্থবছরে (২০২১-২২) অপ্রত্যাশিত ব্যয় ব্যবস্থাপনা খাত থেকে কোন অর্থ বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে;

(১১) পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে।

০২। এমতাবস্থায়, অর্থ বিভাগের বাজেট পরিপত্রের উপরোক্ত শর্ত প্রতিপালনপূর্বক ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়নপূর্বক IBAS++ এন্ট্রিকরত: এর হার্ডকপি এবং prof.dipakkumar@gmail.com-ইমেইলে সফট কপি আগামী ৩১-১২-২০২১ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২১-১২-২০২১

দীপক কুমার বিশ্বাস

উপসচিব

ফোন: ০২২২৩৩৮৭৭৮৮

ইমেইল:

prof.dipakkumar@gmail.com

বিতরণ :

১) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

৩) যুগ্ম সচিব (প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) যুগ্মসচিব (পরিকল্পনা), পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

৬) প্রেসিডেন্ট, কর আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

৭) কমিশনার/কর কমিশনার (সকল)

.....।

৮) মহাপরিচালক (সকল), ...।

৯) প্রকল্প পরিচালক (সকল),

.....।


১০) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ
সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪৪.২০.০০১.২০.১৬৫/১(৩)

তারিখ: ৬ পৌষ ১৪২৮
২১ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



২১-১২-২০২১

দীপক কুমার বিশ্বাস
উপসচিব